গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,**
**বাংলাদেশ, ঢাকা**
**www.dshe.gov.bd**

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৫৩.০৯১.১৮- ৮০ তারিখ: ০১/০২/২০২৬

**বিষয়: "স্মার্ট ক্লাসরুম স্থাপন" প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তথ্য সংগ্রহ সংক্রান্ত।**

**সূত্র:** মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এর পত্র নং- ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৫.২৩-১৮; তারিখ: ০৫-০১-২০২৬ ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ও চীন সরকারের যৌথ উদ্যোগে "Establishment of Smart Classrooms in Selected Secondary Schools of Bangladesh" শীর্ষক প্রকল্পের আওতায় ৩০০টি স্মার্ট ক্লাসরুম, ৩০টি মিটিং রুম এবং ১০টি রেকর্ডিং রুম স্থাপনের লক্ষে চীনা কারিগরি দল (Aerospace Planning and Design Group Co. Ltd) কর্তৃক ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের চূড়ান্ত কারিগরি সমাধান এবং নির্বাচিত বিদ্যালয়সমূহের বাস্তব অবস্থা যাচাইয়ের লক্ষ্যে চীনা কারিগরি দল কর্তৃক সরবরাহকৃত প্রশ্নমালার আলোকে প্রয়োজনীয় তথ্যসমূহ নিম্নোক্ত গুগল ফর্ম লিংকের মাধ্যমে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

তথ্য প্রদানের লিংক: https://forms.gle/YXvsqCoterELB76LA

**বিশেষ নির্দেশনাবলী:**

- সংশ্লিষ্ট সকল জেলা শিক্ষা অফিসার এবং নির্বাচিত বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে আগামী **৩রা ফেব্রুয়ারি ২০২৬** তারিখের মধ্যে এই গুগল ফর্মে তথ্য প্রদান সম্পন্ন করতে হবে।
- প্রতিষ্ঠান সমূহের তালিকা হালনাগাদ তথ্যের ভিত্তিতে চূড়ান্ত করা হবে।
- প্রদত্ত ডাটা বা তথ্যাদি সংযুক্ত নমুনা ফর্মের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- যেকোনো প্রয়োজনে প্রকল্পের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব সিফাতুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন (০১৫১৫৬৭৮৯০৪) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণকে তাদের আওতাধীন সংযুক্ত তালিকা অনুযায়ী নির্বাচিত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সাথে সমন্বয় করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্ভুল তথ্য প্রদান নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। প্রাথমিকভাবে নির্বাচিত বিদ্যালয়ের তালিকা
২। পূরণকৃত নমুনা ফর্ম

০১/০২/২০২৬
মিনহাজউদ্দীন আহম্মদ
সহকারী পরিচালক ০৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ইমেইল: ahmmadmu@gmail.com

বিতরণ:
১। জেলা শিক্ষা অফিসার (সকল)
২। প্রধান শিক্ষক/ অধ্যক্ষ (নির্বাচিত বিদ্যালয়সমূহ)

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.৫৩.০৯১.১৮- ৮০ তারিখ: ০১/০২/২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক, মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর